# বাংলা বিভাগ
# সাউথ মালদা কলেজ

# বিজ্ঞপ্তি

## বিজ্ঞপ্তি নং: ............... তারিখ: ০৭.০৭.২০২৬

বিষয়: BNG-DC-MJ-402 (চতুর্থ সেমিস্টার) প্রজেক্ট পেপার প্রস্তুতকরণ ও যাচাইকরণ (Signature) সংক্রান্ত নির্দেশিকা

চতুর্থ সেমিস্টারের বাংলা বিভাগের সকল ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, BNG-DC-MJ-402 : "উপন্যাস ও ছোটোগল্প" (Under NEP-2020) পাঠ্যক্রমের অংশ হিসেবে প্রত্যেক শিক্ষার্থীকে নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে যে কোনো একটি বিষয় নির্বাচন করে একটি প্রজেক্ট পেপার প্রস্তুত করতে হবে।

প্রজেক্টটি অবশ্যই পাঠ্যক্রমভিত্তিক, বিশ্লেষণধর্মী, তথ্যনির্ভর এবং মৌলিক হতে হবে। কেবলমাত্র তথ্য সংগ্রহ নয়, বিষয়ের সমালোচনামূলক বিশ্লেষণ, প্রাসঙ্গিক উদ্ধৃতি, উপসংহার এবং তথ্যসূত্র সংযোজনের মাধ্যমে প্রজেক্টটি প্রস্তুত করতে হবে। অন্যের লেখা বা ইন্টারনেট থেকে হুবহু নকল (Plagiarism) গ্রহণযোগ্য হবে না।

প্রজেক্টের সম্ভাব্য বিষয়সমূহ:-

১. বাংলা উপন্যাসে গ্রামীণ জীবনের রূপায়ণ : অশনি সংকেত ও পদ্মানদীর মাঝি-র আলোকে।

২. বাংলা কথাসাহিত্যে নারীচরিত্রের বিবর্তন : বঙ্কিমচন্দ্র থেকে মহাশ্বেতা দেবী।

৩. বাংলা উপন্যাস ও ছোটোগল্পে সমাজবাস্তবতার ধারাবাহিক বিবর্তন।

৪. বঙ্কিমচন্দ্র ও মানিক বন্দ্যোপাধ্যায়ের উপন্যাসে সমাজবাস্তবতার রূপান্তর।

৫. রবীন্দ্রনাথ ও মহাশ্বেতা দেবীর ছোটোগল্পে মানবিক মূল্যবোধ।

৬. অশনি সংকেত উপন্যাসে দুর্ভিক্ষ, মানবতা ও সমাজবাস্তবতা। ৮. রবীন্দ্রনাথের ছোটোগল্পে মানবতাবাদ।

৯. রবীন্দ্রনাথের ছোটোগল্পে নারীচরিত্রের বৈচিত্র্য।

১০. মহাশ্বেতা দেবীর স্তনদায়িনী গল্পে সমাজ, শোষণ ও প্রতিবাদ।

১১. সমরেশ বসুর আদাব গল্পে সাম্প্রদায়িক সম্প্রীতি ও মানবতাবাদ।

১২. বঙ্কিমচন্দ্রের উপন্যাসে ইতিহাসচেতনা ও জাতীয়তাবোধ।

১৩. বাংলা ছোটোগল্পে ব্যঙ্গ ও সামাজিক সমালোচনা : পরশুরাম ও বনফুলের আলোকে।

১৪. বাংলা কথাসাহিত্যে প্রান্তিক মানুষের জীবনসংগ্রাম।

১৫. বাংলা কথাসাহিত্যে ব্যক্তি, সমাজ ও ইতিহাসের আন্তঃসম্পর্ক।

১৬. বাংলা ছোটোগল্পে ব্যঙ্গ, বিদ্রূপ ও সামাজিক সমালোচনা।

১৭. নির্বাচিত ছোটোগল্পগুলিতে সমাজবাস্তবতার বহুমাত্রিক প্রকাশ।

১৮. বনফুলের 'নিমগাছ' গল্পে প্রতীকধর্মিতা ও মানবজীবন।

১৯. রবীন্দ্রনাথের ছোটোগল্পে বাস্তবতা ও কল্পনার সমন্বয়।

২০. বিভূতিভূষণ ও মানিক বন্দ্যোপাধ্যায়ের সমাজচেতনার তুলনামূলক আলোচনা।

২১. বিষবৃক্ষ উপন্যাসে ঊনবিংশ শতকের পারিবারিক ও সামাজিক সংকট।

প্রজেক্ট প্রস্তুতের নির্দেশাবলি

প্রজেক্টের শব্দসংখ্যা প্রায় ১৫০০ (দেড় হাজার) শব্দ হতে হবে।

A4 সাইজের কাগজে পরিষ্কার-পরিচ্ছন্নভাবে লিখতে হবে (বিভাগীয় নির্দেশ অনুযায়ী হাতে লেখা/কম্পিউটার টাইপ করা যেতে পারে)।

প্রথম পাতায় শিক্ষার্থীর নাম, বিশ্ববিদ্যালয়ের রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, সেমিস্টার, বিষয়ের নাম, বিষয়ের কোড (BNG-DC-MJ-402) এবং প্রজেক্টের শিরোনাম উল্লেখ করতে হবে।

প্রজেক্টে সূচিপত্র, ভূমিকা, মূল আলোচনা, উপসংহার এবং তথ্যসূত্র (Bibliography) সংযুক্ত থাকবে।

ভাষা হবে শুদ্ধ ও প্রমিত বাংলা।

একই বিষয় একাধিক শিক্ষার্থী নির্বাচন করলেও প্রত্যেকের প্রজেক্টের বিষয়বস্তু, বিশ্লেষণ ও উপস্থাপনা স্বতন্ত্র হতে হবে।

গুরুত্বপূর্ণ নির্দেশ

প্রস্তুতকৃত প্রজেক্ট সরাসরি জমা নেওয়া হবে না। প্রথমে প্রত্যেক শিক্ষার্থীকে প্রজেক্টটি সংশ্লিষ্ট Paper Coordinator-এর নিকট প্রদর্শন করতে হবে। প্রজেক্ট যথাযথ বলে বিবেচিত হলে Coordinator-এর স্বাক্ষর (Signature) গ্রহণ করতে হবে।

যে প্রজেক্টে Coordinator-এর স্বাক্ষর থাকবে না, সেই প্রজেক্ট গ্রহণ করা হবে না এবং মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।

Coordinator-এর স্বাক্ষর গ্রহণের শেষ তারিখ: ১৫ জুলাই, ২০২৬।

উল্লেখিত তারিখের পর কোনো অবস্থাতেই স্বাক্ষর করা হবে না।

Coordinator-এর স্বাক্ষরযুক্ত প্রজেক্ট পরীক্ষার দিন বিভাগ কর্তৃক সংগ্রহ করা হবে। পরীক্ষার পূর্বে বা আলাদাভাবে প্রজেক্ট জমা নেওয়া হবে না।

সকল শিক্ষার্থীকে নির্ধারিত সময়সীমার মধ্যে প্রজেক্ট সম্পূর্ণ করে Coordinator-এর স্বাক্ষর গ্রহণ করার জন্য নির্দেশ দেওয়া হচ্ছে।

আদেশক্রমে<br>
বাংলা বিভাগ<br>
সাউথ মালদা কলেজ